



বাস্তবতাকে গুরুত্ব দিন। নিজের কাছের প্রতিটি মানুষ আমাদের কাছে গুরুত্বপূর্ণ। হয়ত আমি করোনা ভাইরাস কেরি করলাম, আমার কিছু হলো না। হলো আমার বৃদ্ধ মা - বাবার। বৃদ্ধ মা-বাবার বয়সজনিত বিভিন্ন জটিলতায় করোনার ধকল সহ্য করা তাঁদের জন্য বেশ কঠিন। সরকার সবারকম চেষ্টা করছে, পুলিশ ও প্রশাসনের লোকজন দিন রাত কাজ করে যাচ্ছে। আমাদের প্রত্যেকের মরতে হবে, এটা চিরন্তন সত্য। কিন্তু মৃত্যুর সময় আমরা আপনজনদের হাত স্পর্শ করেই চির নিদ্রায় চলে যেতে চাই। আমরা এমন মৃত্যু চাই না, যে মৃত্যু মরার আগেই আমাকে আমার আপনজনদের থেকে আলাদা করে দিতে পারে। কবরের নির্দিষ্ট জায়গা পেতেও আমার কষ্ট হয়! সবাই সচেতন হই, খুব প্রয়োজন ছাড়া বাইরে বের না হই। একটু কম খেলে কিছু হবে না, যা আছে সঞ্চয় তা থেকে বুঝে খাবার ব্যয় করি। দয়া করে লক ডাউন মেনে চলি। হাত সাবান দিয়ে বিশ সেকেন্ড কমপক্ষে ধুই। আমার পরিবারের কেও বাইরে যায় নি, তাই আমার করোনার ভয় নেই-এমন বিশ্বাস পরিহার করি। কারণ করোনা অদৃশ্য শত্রু। প্রকাশ্য শত্রুর সাথে যুদ্ধ করা সহজ, কিন্তু অদৃশ্য শত্রুর সাথে! তাই অবহেলা না করে নিয়ম মেনে চলার চেষ্টা করি। ঠান্ডা লাগলে বেশি সচেতন থাকি, গরম পানি নিয়ম করে পান করি ও অবশ্যই ডক্টরের পরামর্শ নেই। পরিষ্কার পরিচ্ছন্ন থাকি। ময়লা পলিখিনে করে ময়লা যারা নেয় তাদের দেই। মহান দয়াময় আল্লাহ আমাদের সবাইকে মাপ করুন, দয়া করুন। আমিন।